

সত্যিকার এইচএসই (HSE) টেলিফোন জরিপগুলিকে কিভাবে সনাক্ত করতে হবে

আমি যদি বাসায় অথবা কর্মক্ষেত্রে এমন কারো কাছ থেকে অপ্রত্যাশিতভাবে একটি টেলিফোন কল গ্রহণ করে থাকি যারা বলে যে তারা এইচএসই এর পক্ষ হতে একটি স্বাস্থ্য এবং নিরাপত্তা জরিপ করছে, তাহলে আমি কি তাদের প্রশ্নগুলোর উত্তর দিতে বাধ্য থাকব?

সকল ব্যক্তিগত এইচএসই জরিপ সম্পূর্ণভাবে স্বেচ্ছাসেবামূলক এবং আপনি এতে সাড়া দিতে বাধ্য নন। আপনাকে যদি এইচএসই এর পক্ষ কাজ করছে এমন একটি সংস্থা হতে অনুরোধ করা হয়, তাহলে দৈবচয়নের মাধ্যমে নির্বাচিত প্রক্রিয়ার অংশ হিসাবে আপনার সাথে যোগাযোগ করার কথা। সকল এইচএসই জরিপ স্বেচ্ছাসেবামূলক হলেও, যত বেশী সংখ্যক সম্ভব মানুষ এতে অংশগ্রহণ করতে সম্মত হয় ততোই ভালো যাতে আমরা মানুষের মতামত এবং অভিজ্ঞতার একটি যথাযথ চিত্র অংকন করতে পারি। জরুরী তথ্যসমূহ সংগ্রহের জন্য এইচএসই সময় সময় জরিপ করে থাকে যেগুলো অন্য সূত্র হতে পাওয়া যায় না যা গ্রেট বৃটেনে স্বাস্থ্য ও নিরাপত্তার উচ্চ মান অর্জনে এবং অগ্রগতি সাধনে আমাদেরকে সাহায্য করে। জরিপের উত্তর দিতে আপনার ব্যয় করা সময়কে এইচএসই মূল্যায়ন করে থাকে এবং এটা একটি গুরুত্বপূর্ণ উপায় যার মাধ্যমে আপনি সাহায্য করতে পারেন।

এইচএসই কোন জরিপগুলি যথার্থভাবে সম্পাদন করেছে?

কর্মক্ষেত্রের ঝুঁকিগুলি যথাযথভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে এটা নিশ্চিত করার লক্ষ্য অর্জনের জন্য এইচএসই বিভিন্ন জরিপ কাজ সম্পাদন করে থাকে। এইচএসই পরবর্তি কয়েক বৎসর জাতীয় জরিপ কাজের প্রধান শ্রেণীগুলির অর্থায়ন করবে (বাসায় এবং কর্মক্ষেত্রে টেলিফোন জরিপ সহ)। বৃটেনের কর্মক্ষেত্রে কিভাবে স্বাস্থ্য এবং নিরাপত্তা ব্যবস্থাপনা করা হচ্ছে এবং কিভাবে এইচএসই কার্যক্রমগুলি কাজ করছে সে ব্যাপারে এইচএসই-র আরো ভালো মূল্যায়নের জন্য জরিপগুলি পরিকল্পনা করা হয়েছে। সেগুলো এইচএসই-কে বলবে কোনটা ভালোভাবে কাজ করছে, কোনটা করছেন না এবং কেন করছেন না।

- [MORI FIT3 survey](#).